



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিবিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৩

তারিখঃ ০৩ আশ্বিন ১৪৩১  
১৮ সেপ্টেম্বর ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

## হাইব্রিড পদ্ধতিতে সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২৩ মার্চ ২০২০, ১৭ মে ২০২০, ৩০ জুন ২০২০ এবং ২৬ এপ্রিল ২০২৩ তারিখে জারিকৃত যথাক্রমে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯, ২৬, ৩৪ এবং ১২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উল্লিখিত সার্কুলার লেটারসমূহের মাধ্যমে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে এবং পরবর্তীতে ব্যাংকের ব্যয়ে কৃচ্ছসাধন এবং বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে ব্যাংকের পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটি, অডিট কমিটি ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভাসহ বিভিন্ন সভা ভিডিও কনফারেন্সের মাধ্যমে এবং হাইব্রিড পদ্ধতিতে (কিছু সংখ্যক সদস্য সভায় সরাসরি অংশগ্রহণ ও অবশিষ্ট সদস্য ভিডিও কনফারেন্সের মাধ্যমে) অনুষ্ঠানের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছিল।

- ২। বর্তমানে দেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব উল্লেখযোগ্য হারে কমে আসায় এবং দেশের বিদ্যুৎ ও জ্বালানি পরিস্থিতির উন্নতি হওয়ায় ব্যাংকের নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলমান রাখার লক্ষ্যে উপরোক্ত সার্কুলার লেটারসমূহ এতদ্বারা বাতিল করা হলো।
- ৩। তবে, শতভাগ দেশীয় মালিকানাধীন নয় এমন ব্যাংক-কোম্পানীর বিদেশী পরিচালকগণ ব্যাংকের পরিচালনা পর্ষদ ও পর্ষদের সহায়ক কমিটিসমূহের সভায় অন-লাইনে যুক্ত থেকে অংশগ্রহণ করতে পারবেন।
- ৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)  
পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০০৯৫